

## বিশেষ

# বাংলাদেশীদের জন্য বিশেষ নিবন্ধীকরণ

## তত্ত্বিক চৌধুরী

নির্দিষ্ট দপ্তরগুলোর একটায় নিবন্ধীকরণ করতে হবে যদি তিনিঃ

- ১) ২০০২ সালের ৩০ শে সেপ্টেম্বরের আগে 'এ' অথবা 'জি' ছাড়া অন্য কোন সাময়িক ভিসার অধীনে যুক্তরাষ্ট্রে প্রবেশ করে থাকেন, ও
- ২) ২০০৩ সালের ২৫শে এপ্রিলের পর যুক্তরাষ্ট্রে অবস্থানের ইচ্ছা পোষণ করেন।

যুক্তরাষ্ট্রের নাগরিক ও স্থায়ী বাসিন্দাদের নিবন্ধীকৃত হতে হবেনা। তাছাড়া ১৬ জানুয়ারীতে যাদের রাজনৈতিক আশ্রয়ের আবেদন বিবেচনাধীন ছিলো, অথবা যারা আগাম অনুমতি (এ্যাডভান্স প্যারোল) নিয়ে সাময়িক ভ্রমণের পর যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন, তাদেরকেও নিবন্ধীকরণ থেকে অব্যাহতি দেয়া হয়েছে।

যেহেতু নিবন্ধীকরণ কেবলমাত্র যারা সাময়িক ভিসা নিয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন তাদের জন্যে প্রযোজ্য, সুতরাং অধিকাংশ ইমিগ্রেশন আইনজীবীদের মতে ভিসাহীন ও অবৈধভাবে যুক্তরাষ্ট্রে যারা প্রবেশ করেছেন, তাদেরও নিবন্ধীকরণের প্রয়োজনীয়তা নেই।

যুক্তরাষ্ট্র ব্যাতিরেকে অন্যান্য যে কোন দেশের নাগরিক যিনি বাংলাদেশের নাগরিকত্ব ত্যাগ করেননি, এমন ব্যক্তিকেও এ সংখ্যার পড়শী পাঠক-পাঠিকাদের হাতে পৌঁছে যাবার অনেক আগেই যুক্তরাষ্ট্রের বাংলাদেশী সমাজের অনেকের জন্য প্রযোজ্য বিশেষ নিবন্ধীকরণ আরম্ভ হয়ে যাবে - অনেকে হয়ে যাবেন নিবন্ধীকৃত আর অনেকেই নিবন্ধীকরণে যাবেন কিনা তা নিয়ে থাকবেন অনিশ্চিত।

এ বছরের জানুয়ারির ১৬ তারিখে অপ্রত্যাশিত ভাবে নিবন্ধীকরণের তালিকায় বাংলাদেশের নাম অন্তর্ভুক্ত হওয়ায় অনেকেই বিস্মিত হয়েছেন এ কারণে যে যুক্তরাষ্ট্রের কাছে বাংলাদেশ কোন রকমের ঝুঁকির উৎস হিসেবে প্রতীয়মান হবে তা কল্পনাভীত। সরকারী-বেসরকারী নানাভাবে প্রচেষ্টা চলেছে বাংলাদেশকে নিবন্ধীকরণের আওতাভুক্ত করতে। কিন্তু যুক্তরাষ্ট্র সরকার তার সিদ্ধান্ত পরিবর্তন করেনি। ক্রমে এগিয়ে এসেছে ২৪শে ফেব্রুয়ারি - নিবন্ধীকরণের প্রথম দিনটি।

যদিও শুরুতে নিবন্ধীকরণের সময় সীমা ছিলো ২৮ মার্চ, পরে তা বাড়িয়ে নতুন করে ধার্য করা হয়েছে ২৫ এপ্রিল। এ সময়সীমার ভেতর বাংলাদেশের নাগরিক অথবা জাতীয়তাবাদী ১৬ বছরের বেশী বয়সের প্রত্যেক পুরুষকে ইমিগ্রেশন এ্যাড ন্যাচারালাইজেশন সার্ভিসের নিবন্ধীকৃত হতে হবে। উদাহরণস্বরূপ, কানাডা ও বাংলাদেশের দ্বৈত নাগরিককে নিবন্ধীকরণে যেতে হবে। তবে বাংলাদেশে জন্ম, কিন্তু একমাত্র কানাডার নাগরিক

এমন ব্যক্তিকে নিবন্ধীকরণে যেতে হবে না।

নিবন্ধীকরণের প্রক্রিয়াটি প্রতি বছর চলবে। এবারে যিনি নিবন্ধীকৃত হবেন তাকে বছরপূর্তির দশদিন আগে থেকে বছর পূর্তির দিন পর্যন্ত সময়ের মধ্যে আবার নিবন্ধন করার নির্দেশ দেয়া হবে।

নিবন্ধীকরণের আওতাভুক্ত কেউ যদি নিবন্ধকৃত হতে ব্যর্থ হন তবে তাকে ১০০০ ডলার জরিমানা সহ জেল এবং ডিপোর্ট করা হতে পারে বলে কর্তৃপক্ষ জানিয়েছেন। যদিও কোন আইন না ভেঙে বৈধভাবে যারা এদেশে অবস্থান করছেন তাদের নিবন্ধীকরণে গিয়ে বিপদে পড়ার কোন সম্ভাবনা নেই, ভিসার মেয়াদ উত্তীর্ণ হবার পরেও থেকে গেছেন কিংবা ডিপোর্টেশনের পরেও যুক্তরাষ্ট্র ত্যাগ করেননি এমন ব্যক্তিকে ইমিগ্রেশন কর্তৃপক্ষ আটক ও জেরা করবে, বিশেষ ক্ষেত্রে ইমিগ্রেশন বিচারকের কাছে ডিপোর্টেশন প্রক্রিয়ার জন্য হাজির হবার নির্দেশ দিয়ে আর্থিক বন্ডসহ অথবা বন্ড ছাড়াই তাকে মুক্তি দেয়া হতে পারে। কিন্তু ফৌজদারী আইনে অপরাধী সাব্যস্ত হয়েছেন এমন ব্যক্তিকে দীর্ঘকালীন ভাবে আটক ও ডিপোর্ট করার সম্ভাবনা থাকবে।

ভিসার মেয়াদ উত্তীর্ণ হবার পর থেকে গেছেন এমন ব্যক্তিকে ডিপোর্টেশনের জন্য ইমিগ্রেশন বিচারকের কাছে যাবার নির্দেশ দেয়া হলেও পরবর্তীতে তার ডিপোর্টেশন রদ হবার সম্ভাবনা থাকবে যদি অচিরেই অন্য কোন ভাবে তার আইনগত ভাবে অভিবাসনের কোন ভিত্তি থেকে থাকে যেমন ২০০০ সালের লাইফ এ্যাঙ্কের অধীনে ২০০১ সালের ৩০শে এপ্রিলের আগে আবেদন করে ২৪৫ (আই) ধারায় যারা অভিবাসন প্রক্রিয়ায় এগিয়ে আছেন, ইমিগ্রেশন বিচারক তাকে ডিপোর্টেশন থেকে অব্যাহতি দিতে পারেন। প্রত্যেক ক্ষেত্রেই নিবন্ধীকরণে যাবার আগে স্ব স্ব আইনজীবীর সাথে পরামর্শ করার ব্যাপারটি খুবই গুরুত্বপূর্ণ। যাদের আইনজীবী নেই তারা বিভিন্ন শহরে নানা রকমের সংগঠনের আয়োজন করা আইন পরামর্শ ক্লিনিক ইত্যাদিতে যেতে পারেন। নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল দপ্তরে প্রত্যেক শনিবারে এই লেখক সহ অন্যান্য বাংলাদেশী এটর্নীর বিনামূল্যে একান্তভাবে আইনী পরামর্শ দিয়ে থাকেন। □

এটর্নী তত্ত্বিক চৌধুরী নিউ ইয়র্ক থেকে লিখছেন। ইউরোপ এবং যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আইন বিষয়ে পড়াশোনা শেষ করে তিনি নিউইয়র্কে আইন ব্যবসায় নিয়োজিত। তিনি 'ইমিগ্রেশন এবং ন্যাশনালিটি' বিষয়ে প্র্যাকটিস করছেন। এ সম্পর্কিত বিষয়ে আপনার কোন প্রশ্ন কিংবা ইস্যু পড়শী ঠিকানায় পাঠালে লেখক এ কলামে সে সম্পর্কে আলোকপাত করবার চেষ্টা করবেন।

A new section in PORSHI  
for 2nd generation  
**Torun-Toruni**  
send your submissions  
editors@porshi.com  
e-fax : 707-988-0328

পড়শী'র বিনোদন বিভাগ  
**ইতি ইতি এক**  
বান্ধা-বান্ধা, সৌন্দর্য চর্চা, বাগান ও ঘরের যত্ন মহা যে  
কোন মজাদার বিষয়ে আপনাদের দেখা পাঠাতে পারেন  
editors@porshi.com  
e-fax : 707-988-0328